# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# Sylhet Agricultural University, Sylhet

ফোন (পিএবিএক্স) : ০৮২১-৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮-০৮২১-৭৬১৯৮০
ই-মেইল : vcsausyl@yahoo.com


স্মারক নং সিকৃবি/রেজি./ তথ্য অধিকার-২০২৩/০৭ তারিখ ১/১০/২০২৩

বরাবর
মোহাম্মদ আব্দুল মান্নান
উপ-পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
আগারগাও, ঢাকা।

বিষয়: ১ম (জুলাই'২৩-সেপ্টেম্বর'২৩) ত্রৈমাসিক তথ্য প্রেরণ।

জনাব
আপনার অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর **তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম ( তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি)- এর প্রতিবেদন** প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

০১/১০/২৩

সুজন চন্দ্র সরকার
ডেপুটি রেজিস্ট্রার
ও
ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

**তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২৪ অর্থবছরেরর বার্ষিক কর্মপরিকল্পনা [মাঠ পর্যায়ের অফিসসমূহ (আঞ্চলিক/বিভাগীয় কার্যালয় ও জেলাপর্যায়ের কার্যালয়সমূহ)]**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিচে | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | |
| প্রাতিষ্ঠানিক | ০১ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি | % | ০২ | | ০২ | ১০০% | | | | | |
| সক্ষমতা বৃদ্ধি | ০২ | [২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.১.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | | | | | | | | | |
| | | [২.২] তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [২.২.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | | | | | | | | | |

01.10.23
ড. মোঃ ইকবাল হোসেন
ফোকাল পয়েন্ট
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

সুজন চন্দ্র সরকার
ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET
ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd

স্মারক নং সিকৃবি/রেজি/তথ্য অধিকার -২০২৩/০৮ তারিখ ০১/১০/২০২৩

বিষয়: তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম ( তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি)- এর প্রতিবেদন ছক।

| বিবেচ্য বিষয়ের (অর্থ বছর) মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য বিষয়ের মধ্যে নিস্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিস্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিস্পত্তি না হওয়ার কারণ | নিস্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫)= ৪/২x৬ |
| ০২ | ০২ | প্রযোজ্য নয় | ০২ | |

০১/১০/২০২৩

ফরম 'ক'

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তিসংক্রান্ত) বিধিমালারবিধি ৩ দ্রষ্টব্য]

বরাবর,
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (তথ্য),
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়।
সিলেট।

১। আবেদনকারীর নাম ঃ সুস্মিতা চক্রবর্তী।

পিতার নাম ঃ রঞ্জন চক্রবর্তী।

মাতার নাম ঃ সবিতা চক্রবর্তী।

বর্তমান ঠিকানা ঃ ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০

স্থায়ী ঠিকানা ঃ ঐ

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) ঃ Email: sushmita@blast.org.bd
Phone:+8801321179974

২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) ঃ
বাংলাদেশের নাগরিক হিসাবে আমি তথ্য অধিকার আইন ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে নিম্নলিখিত তথ্য পাওয়ার জন্য আবেদন করছি-

**ক) আপনার বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে শিক্ষার্থীদের থাকার জন্য যে নীতিমালা অনুসরণ করা হয় তার একটি অনুলিপি পেতে চাই।**

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপা/ লিখিত/ ফটোকপি/ই-মেইল/ ফ্যাক্স/ সিডি অথবা অন্য কোন পদ্ধতি) ঃ অনুলিপি বা ফটোকপি আকারে তথ্য পেতে চাই

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ সিফাত-ই-নূর খানম, ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা ঃ প্রযোজ্য নয়।

Chakravorty
31/07/23
আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ ঃ ৩১ /০৭/২০২৩ ইং

স্মারক নং সিকৃবি/রেজি:/তথ্য অধিকার-২০২৩/০১

তারিখ: ১১-০৮-২০২৩

# নোটিশ

তথ্য অধিকার কমিটির সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামীকাল ১৪-০৮-২০২৩ তারিখে কমিটির সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ ছফি উল্লাহ ভূইয়া মহোদয়ের সাউরেসের অফিস কক্ষে সকাল ১১.০০ ঘাটকায় কমিটির ১ম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

সুজন চন্দ্র সরকার
ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিতরণ:

১। ড. মোহম্মদ এনামুল কবির, সহযোগী প্রফেসর ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, সিকৃবি, সিলেট।
২। জনাব মোঃ নূরুল কাওসার, উপ গ্রন্থাগারিক ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, সিকৃবি, সিলেট।
৩। ড. অশোক বিশ্বাস, ডেপুটি রেজিস্ট্রার ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, সিকৃবি, সিলেট।

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

১। রেজিস্টার, সিকৃবি, সিলেট।
২। পি এস টু ভিসি (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), সিকৃবি, সিলেট।
৩। অফিস কপি।

সুজন চন্দ্র সরকার
ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং সিকৃবি/রেজি:/ তথ্য অধিকার-২০২৩/০২ তারিখঃ ১৪/০৮/২০২৩

তথ্য অধিকার কমিটি

১ম সভা

অদ্য ১৪/০৮/২০২৩ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় কমিটির সভাপতি প্রফেসর ড. মোহম্মদ ছফি উল্লাহ ভূইঞা মহেদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ড. মোহম্মদ এনামুল কবির, সহযোগী অধ্যাপক | সদস্য | স্বাক্ষরিত |
| ২। | জনাব নূরুল কাওসার, উপ গ্রন্থাগারিক | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। | ড. অশোক বিশ্বাস, ডেপুটি রেজিস্ট্রার | সদস্য | স্বাক্ষরিত |

আলোচ্য সূচী ১:- বাংলাদেশ লিগাল এইড এন্ড সার্ভিসেস ( ব্লাস্ট) এর আবেদন বিবেচনা প্রসঙ্গে।

সিদ্ধান্তঃ- বিস্তারিত আলোচনা শেষে প্রভোস্ট কাউন্সিলের আহবায়কে এই মর্মে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় যে, ব্লাস্টের চাহিত তথ্য প্রদানে প্রভোস্ট কাউন্সিলের কোন ধরনের আপত্তি আছে কি না ?

আলোচ্য সূচী ২:- ভবিষ্যতে এধরণের পত্রের বিষয়ে করণীয় বিষয়ক আলোচনা।

সিদ্ধান্ত ২:- আলোচনান্তে এই বলে সিদ্ধান্ত হয় যে, ভবিষতে তথ্য প্রদানের কোন পত্র পেলে তা জানিয়ে কর্তৃপক্ষ বরাবর চিঠি দেওয়া এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ মুলতবি করেন।

১৪/৮/২৩ ১৪.৮.২৩



# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং সিকৃবি/ রেজি:/তথ্য অধিকার-২০২৩/০৩

তারিখঃ ১৬/০৮/২০২৩

বরাবর
আহবায়ক
প্রভোস্ট কাউন্সিল
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়ঃ- আবাসিক হলে শিক্ষার্থী থাকার নীতিমালা ব্লাস্টকে প্রেরণ।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার জ্ঞাতার্থে জনাচ্ছি যে, বাংলাদেশ লিগাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট) গত ৪/০৮/২০২৩ তারিখে তথ্য অধিকার কর্মকর্তা বরাবর পত্র (কপি সংযুক্ত) মারফত এই বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল গুলোতে শিক্ষার্থীদের থাকার জন্য যে নীতিমালা অনুসরণ করা হয় তার একটি অনুলিপি পেতে চায়। ব্লাস্টকে নীতিমালা প্রেরণ প্রসঙ্গে গত ১৪/০৮/২০২৩ তারিখে তথ্য অধিকার কমিটির মিটিং এ চাহিত তথ্য প্রেরণ করা হবে কি না সে বিষয়ে মতামতের জন্য আহবায়ক, প্রভোস্ট কাউন্সিল বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত ( রেজুলেশন সংযুক্ত) গৃহীত হয়।

এমতাবস্থায়, উক্ত নীতিমালা প্রেরণ বিষয়ে আপনার মতামত তথ্য অধিকার কমিটির সভাপতি/ফোকাল পয়েন্ট বরাবর জানানোর অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

১৬/৮/২৩

সুজন চন্দ্র সরকার
ফোকাল পয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

স্মারক নং: সিকৃবি/প্রভোস্ট কাউন্সিল-২৩/০৪ তারিখ: ৩১/০৮/২০২৩ ইং

বরাবর
সুজন চন্দ্র সরকার
ফোকাল প্রয়েন্ট
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়: আবাসিক হলে শিক্ষার্থী থাকার নীতিমালা ব্লাস্টকে প্রেরণ।
সূত্র: স্মারক নং সিকৃবি/রেজি:/তথ্য অধিকার-২০২৩/০২, তারিখ: ২১/০৮/২০২৩

জনাব,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে শিক্ষার্থীদের থাকার জন্য অনুসরণ করা হয় এমন কোন আলাদা নীতিমালা নেই। হল প্রশাসনের তত্ত্বাবধানে এবং বিশ্ববিদ্যালয়ের "আবাসিক শিক্ষার্থীদের শৃঙ্খলা বিধি" অনুসরণ করে শিক্ষার্থীদেরকে হলে রাখা হয়। উল্লেখ্য, উক্ত শৃঙ্খলা বিধি ভর্তিকৃত শিক্ষার্থীদের মাঝে আবাসিক হলের ওরিয়েন্টেশনের সময় বিতরন করা হয়।

এমতাবস্থায়, প্রভোস্ট কাউন্সিলের ১০৬ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ লিগাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট) এর কাছ থেকে তাদের চাহিত তথ্যের প্রয়োজনীয়তার বিষয়টি যাচাই পূর্বক বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ তাঁদেরকে "আবাসিক শিক্ষার্থীদের শৃঙ্খলা বিধি" প্রদানের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ধন্যবাদান্তে

31-08-2023

(প্রফেসর ড. বিশ্বজিৎ দেবনাথ)
আহবায়ক
প্রভোস্ট কাউন্সিল
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

৳ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET
ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd

স্মারক নং সিকৃবি/রেজি./ তথ্য অধিকার-২০২৩/০৪

তারিখ ৩১/০৮/২০২৩

বরাবর
সিফাত-ই-নূর খানম
ব্লাস্ট,
১/১ পাইওনিয়ার রোড
কাকরাইল, ঢাকা-১০০০

বিষয়:- তথ্য প্রেরণ।

জনাব
আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাহিত তথ্য ফটোকপি ( কপি সংযুক্ত) আকারে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

৩১/০৮/২৩
সুজন চন্দ্র সরকার
তথ্য অধিকার কর্মকর্তা
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

তারিখ: ১২/০৯/২০২৩ খ্রিঃ

বরাবর

সুজন চন্দ্র সরকার
ডেপুটি রেজিস্ট্রার
সংস্থাপন শাখা-১
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (তথ্য প্রাপ্তি সংক্রান্ত)
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়: একাডেমিক কাউন্সিলের ৪৪তম সভার ২ নং এজেন্ডায় উল্লেখিত ২৩-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ অনুষদীয় কমিটির ১০ম সভার কার্যবিবরণী এর ১০.১০ এ শিক্ষার্থী কর্তৃক আনিত অভিযোগের আবেদনের বিষয়টি অবগত হওয়ার জন্য তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিষয়ে আবেদন।

মহোদয়

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমি নিম্নস্বাক্ষরকারী সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগের একজন প্রফেসর। ২৫/০৫/২০২৩ খ্রিঃ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৪৪তম সভার ২ নং এজেন্ডায় উল্লেখিত ২৩-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ অনুষদীয় কমিটির ১০ম সভার কার্যবিবরণী এর ১০.১০ এ শিক্ষার্থী কর্তৃক আনিত আমার নামের বিরুদ্ধে অভিযোগের আবেদনের বিষয়টি সম্পর্কে কোনপ্রকার তথ্য আমার জানা নেই।

অতএব, মহোদয় আমাকে আবেদনটির কপি/কপিসমূহ প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি ।

নিবেদক

Sultana 12/09/2023

ড. নাসরিন সুলতানা লাকী
প্রফেসর
সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগ
ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং সিকৃবি/রেজি./ তথ্য অধিকার-২০২৩/০৫

তারিখ ১৯/০৯/২০২৩

বরাবর
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়:- প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকী, সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগ কে তথ্য প্রেরণ।

জনাব

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার কার্যার্থে জানানো যাচ্ছে যে, সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগের প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকী গত ১২/ ০৯/২০২৩ তারিখে এক পত্র মারফত জানিয়েছেন যে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ২৫ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৪৪ তম সভার ২নং এজেন্ডায় উল্লেখিত ২৩/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ অনুষদীয় কমিটির ১০ম সভার কার্যবিবরনী এর ১০.১০ শিক্ষার্থী কর্তৃক আনিত প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকীর বিরুদ্ধে অভিযোগটির বিষয়ে কোন প্রকার তথ্য তার কাছে নেই। উল্লেখিত অভিযোগের কপিসমূহ ও এই সংক্রান্ত তথ্যসমূহ তিনি পেতে চান।

এমতাবস্থায়, অভিযোগের কপিসমূহ ও এই সংক্রান্ত তথ্যসমূহ প্রদানের বিষয়ে সদয় সিদ্ধান্ত গ্রহনের জন্য পত্র প্রেরণ করা হলো।

অনুরোধক্রমে

সুজন চন্দ্র সরকার
ডেপুটি রেজিস্টার
ও
ফোকাল পয়েন্ট/ তথ্য অধিকার কর্মকর্তা
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET



ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং: রেজিঃ/অভিযোগ সংক্রান্ত-২৪/১০/২৪০৯

তারিখ: ২৬-০৯-২০২৩

জনাব সুজন চন্দ্র সরকার
ডেপুটি রেজিস্ট্রার,
ও
ফোকাল পয়েন্ট/ তথ্য অধিকার কর্মকর্তা
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়: প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকী, সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগ,সিকৃবি, সিলেট এর চাহিত তথ্যাদি প্রেরণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রক্ষিতে আদিষ্ট হয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে, প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকী'র বিরুদ্ধে সংশ্লিস্ট শিক্ষার্থী কর্তৃক আনীত অভিযোগের কপি প্রেরণের সুযোগ নেই কেননা তা তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা ৭ (জ) (ঝ) এবং ৭ (ঠ) পরিপন্থী ।

ধন্যবাদান্তে,

Syeeda 26/09/2023

(সায়িদা রেহানা)
ডেপুটি রেজিস্ট্রার
রেজিস্ট্রার কার্যালয়
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং- সিকৃবি/রেজিঃ/ তথ্য অধিকার-২০২৩/০৬ তারিখ: ২৬-০৯-২০২৩

বরাবর
প্রফেসর ড. নাসরিন সুলতানা লাকী
সার্জারি ও থেরিওজেনোলজি বিভাগ
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিষয়:- তথ্য প্রেরণ।

জনাব

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আপনার চাহিত তথ্যটি তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ এর (জ) (ঝ) ও ( ঠ) এর পরিপন্থী বিধায় আপনাকে তথ্যটি সরবরাহ করা সম্ভব হচ্ছে না।

ধন্যবাদান্তে

সুজন চন্দ্র সরকার
ডেপুটি রেজিস্টার
ও
ফোকাল পয়েন্ট/ তথ্য অধিকার কর্মকর্তা
তথ্য অধিকার কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।